২২/৯৪৪
০২/০১/২২

[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[ ভ্যাট অনুবিভাগ ]

সাধারণ আদেশ নং-১১/মূসক/২০২১

তারিখঃ ১৫ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ ।
৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ ।

বিষয়ঃ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব পরিমান মূল্য সংযোজন কর ই-পেমেন্ট বা এ-চালান এর মাধ্যমে পরিশোধকরণ।

যেহেতু, অনলাইন নির্ভর আধুনিক ভ্যাট ব্যবস্থা গড়িয়া তোলার কার্যক্রম চলমান রহিয়াছে; এবং

যেহেতু, আধুনিক ই-পেমেন্ট বা এ-চালান পদ্ধতি ব্যবহার করিয়া ব্যবসায়ীগণ নির্বিঘ্নে দ্রুততম সময়ে রাজস্ব পরিশোধ করিতে পারিবেন এবং ইহার মাধ্যমে সরকারী কোষাগারে রাজস্ব জমা নিশ্চিত হইবে;

সেহেতু, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২৫ এর উদ্দেশ্যপূরণকল্পে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে যে কোন একক ট্রেজারী চালানের বিপরীতে পরিশোধযোগ্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব পরিমাণ মূল্য সংযোজন কর **ই-পেমেন্ট বা এ-চালান** এর মাধ্যমে জমা প্রদান বাধ্যতামূলক করিল।

০২। এ আদেশ ১ জানুয়ারী, ২০২২ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

Mr. Debrata, AP

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ মাসুদ সাদিক )
সদস্য (মূসক নীতি)

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

[ তাঁকে উল্লিখিত আদেশ এর ২০০ (দুইশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০৬.২১/৪৬৭ (৪১)                                    তারিখঃ ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২-৮। সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি)/(মূসক নীতি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা) /(শুল্ক ও ভ্যাট প্রশাসন)/ (শুল্ক নীতি)/ (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি)/ (শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৯। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।

১০-২১।কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (উত্তর)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/রাজশাহী/রংপুর/ খুলনা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট -মূসক, ঢাকা।

২২-২৭।কমিশনার,কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/পানগাঁও/আই.সি.ডি,কমলাপুর ।

২৮-৩৪।কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ঢাকা-১/ ঢাকা-২/ খুলনা/শুল্ক মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা/চট্টগ্রাম ।

৩৫-৩৯। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, ঢাকা/শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো), ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪০। মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪১। কমিশনার, বন্ড কমিশনারেট ও অতিরিক্ত দায়িত্ব, ভ্যাট অনলাইন প্রকল্প, ১৬০/এ, আইডিইবি ভবন, ৮ম তলা, কাকরাইল, ঢাকা।

৪২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোড করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

Rhabai
30/12/21

(কাজী রেজাউল হাসান )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)